

জন্ম

ধোপ দুরস্থ বরের বাবা এলেন বিয়ে বাড়ি
 বরযাত্রী গাঙ্গু কুড়ি সঙ্গে ছিলো তার-ই
 চমকে দেখেন কনের বাবা চক্ষু তার স্থির
 তবু তাকে থাকতে হবে শাস্ত এবং ধীর।
 বিয়ের আগে শর্ত ছিলো আসবে ওরা কুড়ি
 কিন্তু এলো গুনে আশি জোয়ান বৃদ্ধ বৃড়ি।
 খাদ্য এখন কোথায় পাবে হঠাৎ এই রাতে
 মাছ মাংস দিতেই হবে বরযাত্রী পাতে।
 হন্যে হয়ে ছুটলো বাজার ভিজলো ঘামে জামা
 ক্লান্ত দেহ ফিরলো ওরা কাঁধে শূন্য ধামা।
 ক্ষিদের জ্বালায় কাতর হল বরযাত্রীর দল
 ঘন ঘন খাচ্ছে ওরা আঁজল ভরে জল।
 টিক্ টিক্ টিক্ রাত বারোটা ঘুরছে ঘড়ির কাঁটা
 হঠাৎ দেখি সামনে হাজির বিরাট এক পাঁঠা।
 কনের বাবা বললো কেশে, ধৈর্য ধরে শুনুন
 বাজার করে আনলো সবে পাঁঠা এবং উনুন।

মনোজকান্তি ঘোষ

